



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সেনবাগ সরকারি কলেজ
সেনবাগ, নোয়াখালী।



www.senbagcollege.gov.bd E-mail- senbaggovt.college@yahoo.com মোবাইল - ০১৭৫৪৬৪০৪৬৩

স্মারক নং

তারিখঃ ১২/০৯/২০২১

২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের ৮ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট আগামী ১৪/০৯/২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকা হতে জমা নেওয়া হবে।

** অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার সময় শিক্ষার্থীগণকে অবশ্যই কলেজ ড্রেস পরিধান করে আসতে হবে।

শিক্ষার্থীদের জন্য আবশ্যিক নির্দেশনা সমূহঃ

১. অ্যাসাইনমেন্ট সংগ্রহ ও জমাদানের ক্ষেত্রে কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
২. অ্যাসাইনমেন্টের প্রশ্ন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে ওয়েবসাইট (<http://www.dshe.gov.bd>) কলেজ ওয়েবসাইট (<http://www.senbagcollege.gov.bd>) এবং ফেইসবুক গ্রুপে (Senbag govt college online class) দেওয়া হয়েছে।
৩. অ্যাসাইনমেন্ট লেখার ক্ষেত্রে অবশ্যই A4 সাইজের কাগজ ব্যবহার করতে হবে। অন্যথায় জমা নেওয়া হবে না।
৪. অ্যাসাইনমেন্টের কভার পেইজ কলেজ ওয়েবসাইট এবং ফেইসবুক গ্রুপে দেওয়া আছে। শিক্ষার্থীরা সেটি A4 সাইজের কাগজে প্রিন্ট করবে। উক্ত কভার পেইজে শিক্ষার্থীদের জন্য নির্ধারিত অংশ ইংরেজিতে নির্ভুলভাবে পূরণ করতে হবে। নির্ধারিত অংশ ব্যতিত কভার পৃষ্ঠার অন্যকোন স্থানে এবং অন্য পৃষ্ঠায় কিছু লেখা যাবে না এবং এই অংশে কোন কাটা ছেঁড়া করা যাবে না।
৫. কোন শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে নোট, গাইড, ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্যের লেখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল করা হবে। মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে।
৬. অ্যাসাইনমেন্ট গ্রহণ এবং জমাদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নির্ধারিত সময়সূচি কলেজ ওয়েবসাইট (<http://www.senbagcollege.gov.bd>) এবং ফেইসবুক গ্রুপে (Senbag govt college online class) দেওয়া হবে।
৭. কোভিড-১৯ অতিমারির কারণে যে কোন সিদ্ধান্ত নেওয়া হতে পারে তাই আপডেট তথ্য পেতে কলেজ ওয়েবসাইট এবং ফেইসবুক গ্রুপে নজর রাখতে হবে।
৮. অ্যাসাইনমেন্টের সমস্ত কাগজ এবং মূল্যায়নকৃত নাম্বার শিক্ষাবোর্ডে প্রেরণ করা হবে বিধায় এতে শিক্ষার্থীদের এই বিষয়ে শৈথিল্য দেখানোর সুযোগ নেই।
৯. অ্যাসাইনমেন্ট বিষয়ে যে কোন সিদ্ধান্ত পালনে সরকারের সিদ্ধান্ত চূড়ান্তভাবে অনুসরণ করা হবে।

 ১২/০৯/২০২১

মোঃ দিদারুল ইসলাম-৩০৫২

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সেনবাগ সরকারি কলেজ, নোয়াখালী